

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সমন্বয় অধিশাখা
www.mole.gov.bd

বিষয়ঃ দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত
ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতিঃ শাকিলা জেরিন আহমেদ
যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
সভার স্থানঃ ভার্চুয়াল প্ল্যাটফর্ম
সভার তারিখঃ ২৯ এপ্রিল ২০২১
সময়ঃ দুপুর ১২.০০ ঘটিকায়

সভায় উপস্থিত কর্মকর্তাদের নামের তালিকাঃ পরিশিষ্ট 'ক'


দপ্তর/সংস্থার জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন সংক্রান্ত ভার্চুয়াল ফিডব্যাক সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানান। সভাপতি বলেন, রাষ্ট্রীয় জীবনে সুশাসন প্রতিষ্ঠায় ও দুর্নীতি প্রতিরোধে শুদ্ধাচার চর্চা একটি অপরিহার্য কৌশল। মূলত নৈতিকতা ও সততা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষই হলো শুদ্ধাচার। শুদ্ধাচার প্রতিষ্ঠায় স্বচ্ছতা ও জবাবদিহিতা প্রতিষ্ঠা করা অত্যন্ত জরুরী। সভাপতির অনুমতিক্রমে শুদ্ধাচার বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা ও উপসচিব জনাব মোঃ মহিদুর রহমান, মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের ২০২০-২০২১ অর্থবছরের শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার ওয় কোয়ার্টারের (জানুয়ারি-মার্চ ২০২১) বাস্তবায়ন অগ্রগতি উপস্থাপন করেন। পর্যালোচনায় দেখা যায় দু'একটি ক্ষেত্র ব্যতীত ওয় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা অর্জিত হয়েছে। যে-সকল অধিদপ্তর/সংস্থাসমূহের তার কার্যক্রমের লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি সে সকল দপ্তর/সংস্থার কার্যক্রমসমূহ ৪র্থ কোয়ার্টারে সম্পাদনে জন্য নির্দেশনা প্রদান করা হয়। সভায় শুদ্ধাচার কর্ম-পরিকল্পনার প্রতিবেদন প্রেরণকালে যথাযথ প্রামাণিক সংযোজনের নির্দেশনা প্রদান করা হয়। সভায় স্ব স্ব দপ্তর/সংস্থাসমূহের ওয়েবসাইট হালনাগাদকরণসহ সিটিজেন চার্টার বাস্তবায়ন, প্রশিক্ষণের বিষয়ে গুরুত্বারোপ করা হয়। সেই সঙ্গে আঞ্চলিক/মাঠ পর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য দিক-নির্দেশনা প্রদান করা হয়। তাছাড়া দপ্তর/সংস্থা ও আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২-এর খসড়া কর্ম-পরিকল্পনা প্রণয়ন বিষয়ে আলোচনা হয়।

২। বিস্তারিত আলোচনা শেষে সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

- (ক) অধিদপ্তর/দপ্তরসমূহের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১-এর ওয় কোয়ার্টারের যেসব লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি তা ৪র্থ কোয়ার্টারে সম্পন্ন করতে হবে।
- (খ) অধিদপ্তর/দপ্তরসমূহের সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইটের সেবাবক্ত্রসমূহ হালনাগাদকরণসহ সিটিজেন চার্টার/প্রকল্প বাস্তবায়নে যথাযথ কার্যক্রম গ্রহণ করতে হবে;
- (গ) দপ্তর/সংস্থার নির্দেশিকা মোতাবেক যথাযথভাবে সুশাসন ও চাকুরী বিধি সংক্রান্ত বিষয়াদি পৃথকভাবে প্রশিক্ষণ দিতে হবে;
- (ঘ) দপ্তর/সংস্থা আওতাধীন আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে প্রয়োজনীয় দিক-নির্দেশনা দিতে হবে এবং মনিটরিং করতে হবে।
- (ঙ) দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক শাখা/অধিশাখা ও জেলা অফিসসমূহ যথাসময়ে পরিদর্শন করতে হবে এবং পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ যথাযথ বাস্তবায়নের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

(চ) মন্ত্রণালয়কে অবহিত রেখে অভিযোগ প্রতিকার ব্যবস্থা ও গণশুনানি যথাযথভাবে বাস্তবায়ন করতে হবে।
(ছ) দপ্তর/সংস্থা জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২-এর খসড়া কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে আগামী ১৭-০৫-২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে এবং আঞ্চলিক/মাঠপর্যায়ের কার্যালয়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২১-২০২২-এর খসড়া কর্ম-পরিকল্পনা প্রণয়ন করে দপ্তর/সংস্থায় প্রেরণ করতে হবে।

৩। পরিশেষে মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা মোতাবেক জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০২০-২০২১ বাস্তবায়নে মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তর/দপ্তরসমূহের দায়িত্বপ্রাপ্ত সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করা হয় এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



শাকিলা জেরিন আহমেদ

যুগ্মসচিব (সমন্বয় ও আদালত)

ও

শুদ্ধাচার বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়